

Answer Key

পং ১) নীচের শব্দগুলির অর্থ লেখো :-

- (ক) আপত্তি - নিষেধ (খ) দঙ্গল - দল (গ) একরত্তি - সামান্য
(ঘ) গিঁট - জট (ঙ) যত্রে - আদরে

পং ২) নীচের প্রশ্নগুলির উত্তর দাও :-

- (ক) অসুস্থ অবস্থায় স্বাভাবিক খাওয়াদাওয়ার বদলে রোগীকে উপযুক্ত যে
বিশেষ খাদ্য খাওয়ানো হয় তাকে পথ্য বলে।

- (খ) জুর হওয়ায় ছেলেটিকে স্কুলে যেতে হাচিল না। সেইজন্য পড়াশোনা
থেকে তার মুক্তি ও গণিতের ধীধায় পথ হারানোর ভয়ও ছিল না।

অপরদিকে জুর হওয়ায় ভাতের বদলে সামান্য দুধ ও জল-সাবু
ছেলেটির পথ্য হয়েছিল। কাঁচা কুল ও আমড়া খাওয়াও নিষেধ ছিল। তাকে তেতো
ওষুধ খেতে হাচিল ও অসুস্থ শরীরে ছেলেটি ফুটবল ম্যাচ খেলতে যেতে পারছিল না।

(গ) ছেলেটির কাছে দুটি রত্ন হল চুনিলাল ডাক্তার ও কিনুরাম মাস্টার। এই
দুইজন ছেলেটিকে বিপদে ফেলেছিল। একদিকে জুর অবস্থায় ডাক্তারবাবুর ওষুধ পথ্যের
বাধানিষেধ অপরদিকে সুস্থ অবস্থায় স্কুলের পড়াশোনা ও মাস্টারমশাই-এর শাসন এই
দুই মূর্তিমান বিপদের হাত থেকে ছেলেটি মুক্তি না পেয়ে একেবারে নাজেহাল হয়েছিল।

পং ৩) সঠিক উত্তর বেছে নিয়ে লেখো :-

- (ক) ডাক্তার (খ) মাঠে (গ) দঙ্গল

পং ৪) নীচের শব্দগুলির বিপরীত শব্দ লেখো :-

- (ক) মঙ্গল - অমঙ্গল (খ) যত্র - অযত্র (গ) পথ - ঘর
(ঘ) পন্ডিত - মূর্খ (ঙ) সমান - অসমান

বিতীয় অধ্যায় - কবিতা "বিষম বিপত্তি"
পাঠ্মালা ১১ এবং ১২ পৃষ্ঠা

বাড়ির কাজ :-

নের্যাত্তিক ও ব্যাকরণভিত্তিক প্রশ্নাবলি :-

৫) শূন্যস্থান পূরণ করো :-

(ক) পাঁচদিন ভাত নেই
দুধ এক রত্নি
জুর গোল, যাইনা যে
তবু তার পর্যট্য

(খ) ইঙ্গুলে যাওয়া নেই
সেহটে যা ঝঙ্গল -
পথ খুঁজে ঘুরিণেকো
গান্ধিরের ঝঙ্গল

৭) অর্থ পার্থক্য দেখিয়ে বাক্য রচনা করো :-

(ক) জুর - ছেলেটির জুর হওয়ায় সে আজ বিদ্যালয়ে যেতে পারেনি।
জড় - জড় পদার্থের প্রাণ থাকেনা।

(খ) আমড়া - বিলিতি আমড়া খেতে খুব মিষ্টি।
আমরা - আমরা কজন বন্ধু একদিন বনভোজন করতে গ্রামে
গিয়েছিলাম।

(গ) কুলে - কুলের আচার খেতে আমার খুব ভালোলাগো।
কুলে - একটা নৌকা নদীর কুলে এসে ভিড়ল।

-----*****-----